গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)**
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, নিউ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

**গত ২৩/১০/২০১৯ তারিখ বেলা ১২:৩০ ঘটিকায় অনুষ্ঠিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশত বর্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে ডিএমটিসিএল কর্তৃক গঠিত কমিটির ১ম সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মো: আফতাবউদ্দিন তালুকদার
প্রকল্প পরিচালক, MRT Line-6

স্থান : DMTCL সভাকক্ষ

তারিখ ও সময় : ২৩/১০/২০১৯ খ্রিস্টাব্দ বেলা ১২:৩০ ঘটিকা

উপস্থিতি : পরিশিষ্ট ‘ক’

বিষয়ের উপর ধারণা উপস্থাপন

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব, জনাব মো: আব্দুল ওয়াদুদ, অতিরিক্ত প্রকল্প পরিচালক (ইএইচএসআরএলএ) (যুগ্মসচিব) লাইন-১(ই/এস) সভাকে অবহিত করেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে সরকার “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় কমিটি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি” গঠন করেছেন। কমিটির সভাপতি, মাননীয় প্রধান মন্ত্রীর সভাপতিত্বে গত ২০ মার্চ, ২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত যৌথ সভার সিদ্ধান্তর আলোকে এবং ০৮ এপ্রিল, ২০১৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় বাস্তবায়ন কমিটির প্রথম সভার সিদ্ধান্তের আলোকে মন্ত্রণালয়গুলোকে ১৫ মে, ২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা ১৫ মে, ২০১৯ তারিখের মধ্যে জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়কের বরাবর প্রেরণের অনুরোধ জনানো হয়। সে প্রেক্ষিতে ‘সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ’ ও এর আওতাভূক্ত দপ্তর সংস্থার সমন্বয়ে জাতীয় বাস্তবায়ন কমিটির সাথে সার্বিক সমন্বয়ের কাজ সুচারুরূপে সম্পাদনের নিমিত্ত একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটিতে DMTCL এর যুগ্মসচিব পর্যায়ের ০১(এক) জন কর্মকর্তা কে সদস্য করায় , DMTCL জনাব মো: আব্দুল ওয়াদুদ, APD(EHSRLA) (যুগ্ম সচিব) Line-1 (E/S) কে সদস্য মনোনীত করেন।

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের গঠিত কমিটির ১ম সভা গত ১৩/০৫/২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়।

ইতোমধ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে গত ৯ জুন, ২০১৯ তারিখের এক নির্দেশনায় মন্ত্রী পরিষদ বিভাগের ১২/০৫/২০১৯ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অনুসরণে স্ব স্ব সংস্থার কর্মপরিকল্পনা দাখিল করতে বলা হয়।

সে মোতাবেক ডিএমটিসিএল হতে ০২/০৭/২০১৯ তারিখ দুইটি কর্মপরিকল্পনা দাখিল করা হয়। সেইগুলো হলো-

| ক্রমিক নং | বিষয় | সম্ভাব্য সময় ও বাজেট |
|---|---|---|
| ১ | “স্বপ্নের বাস্তবায়নঃমেট্রোরেল” ও “Dream Comes True: Metro Rail” নামে বাংলা ও ইংরেজীতে মিনি পুস্তিকা প্রকাশ। | সময়কাল জুলাই ২০২০,<br>বাজেট- ৫,০০,০০০/= (পাঁচ লক্ষ) টাকা। |
| ২ | “নিপীড়িত মানবের মুক্তির মহানায়ক শেখ মুজিবুর রহমান” শ্লোগানটি মেট্রোরেলের এলাইনমেন্ট বরাবর বহুল প্রচার। | ১৭ মার্চ, ২০২০ হতে পরবর্তী ১(এক) বছর<br>বাজেট- ৫০,০০,০০০/= (পঞ্চাশ) লক্ষ টাকা। |

পরবর্তীতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০৩/০৭/২০১৯ তারিখের স্মারক নং ৪৫৬ মূলে উক্ত বিভাগের আওতাধীন দপ্তর ও সংস্থার জন্য কর্মপরিকল্পনা প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদযাপনে জাতীয় কমিটির নিকট প্রেরণ করা হয়।

উক্ত প্রণীত কর্মসূচিতে অন্যান্য সংস্থার সাথে DMTCL এর জন্য অনুসরণীয় কর্মসূচী গুলো নিম্নে দেয়া হল।

| ক্রমিক নং | বিষয় | সময়কাল |
|---|---|---|
| ০১। | ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর আওতাধীন দপ্তর সংস্থার প্রধান কার্যালয়ে আলোক সজ্জা ও দোয়া মাহফিলের আয়োজন। | ১৭ মার্চ ২০২০ খ্রি.<br>DMTCL অফিস ভবন |
| ০২। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিনিধি সমন্বয়ে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর মাজার জিয়ারত। | ১৭ মার্চ ২০২০ তারিখ বা সন্নিহিত (এক্ষেত্রে ২১/০৩/২০২০) |
| ০৩। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জীবন ও কর্মের উপর আলোচনাসভা/সেমিনার-আয়োজন। | DMTCL নির্ধারিত সময় ও স্থান। |
| ০৪। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার উদ্যোগে কেন্দ্রীয় রক্তদান কর্মসূচী। | ১৮/০৪/২০২০ তারিখ<br>স্থান: সড়ক ও জনপথ অধিদপ্তর এর প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর ঢাকা। |
| ০৫। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন দপ্তর সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর আত্মজীবনী ও কীর্তি বিষয়ক রচনা প্রতিযোগিতার আয়োজন। | ১৫/১১/২০২০ তারিখ<br>স্থান: BRTA সম্মেলন কক্ষ |
| ০৬। | ডিএমটিসিএল কর্তৃক "স্বপ্নের বাস্তবায়নঃ মেট্রোরেল" এবং "Dream Comes True : Metro Rail" নামে বাংলা ও ইংরেজীতে মিনি পুস্তিকা প্রকাশ। | জুলাই ২০২০ মাস<br>বাজেট=৫,০০,০০০/- |
| ০৭। | বিআরটিএ ও বিআরটিসি এর সাথে DMTCL কর্তৃক "নিপীড়িত মানবের মুক্তির মহানায়ক শেখ মুজিবুর রহমান" এবং "বাংলাদেশকে জানতে বঙ্গবন্ধু শেখ মুজিব কে জানো, বঙ্গবন্ধু শেখ মুজিব কে জানতে বাংলাদেশকে জানো" শ্লোগান দুইটি Metro Rail এর Alignment বরাবর প্রচার। | ১৭/০৩/২০২০ হতে<br>পরবর্তী এক বছর |

পরবর্তীতে ২৩ সেপ্টেম্বর, ২০১৯ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে উক্ত প্রণীত কর্মসূচী সমূহ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক একসভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সিদ্ধান্ত নেয়া হয় ১। সড়ক বিভাগ গৃহীত কর্মসূচী বাস্তবায়ন তদারকির জন্য ৫টি মনিটরিং কমিটি গঠন করবে ২। দপ্তর ও সংস্থাসমূহ স্ব স্ব কর্মসূচী বাস্তবায়নের নিমিত্ত দপ্তর ও সংস্থাসমূহ নিজস্ব বাস্তবায়ন কমিটি গঠন করবে ৩। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সাথে সার্বক্ষনিক যোগাযোগ বজায় রাখার জন্য একজন 'Focal Point' মনোনীত করবে ৪। গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য দপ্তর/সংস্থাসমূহ নিজস্ব পরিকল্পনা গ্রহণ করে পরিকল্পনা সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে জানাবে।

এরই ধারাবাহিকতায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ৬ অক্টোবর, ২০১৯ তারিখ ৫টি কমিটি গঠন করা হয়। তার মধ্যে মনিটরিং কমিটি-৫ এর অন্তর্ভূক্ত রাখা হয় ডিএমটিসিএল এর প্রস্তাবিত শ্লোগান "নিপীড়িত মানবের মুক্তির মহানায়ক শেখ মুজিবুর রহমান" এবং মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত শ্লোগান "বাংলাদেশকে জানতে বঙ্গবন্ধু শেখ মুজিব কে জানো, বঙ্গবন্ধু শেখ মুজিব কে জানতে বাংলাদেশকে জানো" শ্লোগান দুইটি ।

অপরদিকে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২৩ সেপ্টেম্বর, ২০১৯ তারিখ সভার সিদ্ধান্ত মোতাবেক ডিএমটিসিএল এর কর্মসূচী বাস্তবায়নের জন্য জনাব আফতাব উদ্দিন তালুকদার, প্রকল্প পরিচালক লাইন-৬ কে আহবায়ক ও জনাব মো: আব্দুল ওয়াদুদ, অতিরিক্ত প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) (ইএইচএসআরএলএ) লাইন-১ (ই/এস) কে সদস্য সচিব করে ০৩ অক্টোবর, ২০১৯ তারিখ ০৯ (নয়) সদস্যের কমিটি গঠন করা হয় এবং জনাব মো: আব্দুল ওয়াদুদ, (যুগ্ম সচিব), অতিরিক্ত প্রকল্প পরিচালক (ইএইচএসআরএলএ) লাইন-১ (ই/এস) কে ডিএমটিসিএল এর ফোকাল পয়েন্ট মনোনীত করা হয়।

**আলোচ্য বিষয়: ১**

সদস্য সচিব সভায় জানান যে, ডিএমটিসিএল এর জন্য নির্ধারিত ১। "স্বপ্নের বাস্তাবায়নঃ মেট্রোরেল" এবং "Dream Comes True : Metro Rail" নামে জুলাই ২০২০ সালে বাংলা ও ইংরেজীতে মিনি পুস্তিকা প্রকাশ এবং "নিপীড়িত মানবের মুক্তির মহানায়ক শেখ মুজিবুর রহমান" এবং "বাংলাদেশকে জানতে বঙ্গবন্ধু শেখ মুজিব কে জানো, বঙ্গবন্ধু শেখ মুজিব কে জানতে বাংলাদেশকে জানো" শ্লোগান দুইটি মেট্রোরেল প্রজেক্টের লাইন-৬ ও লাইন-১ এর এলাইনমেন্ট বরাবর বহুল প্রচার করতে হবে আগামী ১৭/০৩/২০২০ হতে পরবর্তী একবছর।

এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। কমিটি উভয় বিষয়ে এখন থেকে কাজ শুরু করার জন্য আলোচনা করেন এবং সভাপতি তাঁর আলোচনায় মিনি পুস্তিকা প্রকাশের জন্য উপসচিব জনাব আশরাফুর রহমান, প্রকল্প ব্যবস্থাপক (ল্যান্ড একুইজিশন) লাইন-১ কে আহবায়ক করে এবং উপসচিব জনাব শান্তিমণি চাকমা, উপ প্রকল্প পরিচালক (ল্যান্ড একুইজিশন) লাইন-৬ ও উপসচিব জনাব ফরিদা ইয়াসমিন, প্রকল্প ব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ), লাইন-১ (ই/এস) কে সদস্য করে একটি প্রস্তুতি উপকমিটি এবং শ্লোগান দুইটি প্রস্তুতির যাবতীয় কার্যক্রম গ্রহণের জন্য উপ প্রকল্প পরিচালক (পিআর) লাইন-৬, জনাব খান মো: মীজানুল ইসলামকে দায়িত্ব প্রদান করা যায় মর্মে আলোচনা করেন।

**সিদ্ধান্ত:** "স্বপ্নের বাস্তাবায়নঃ মেট্রোরেল" এবং "Dream Comes True : Metro Rail" নামে মিনি পুস্তিকা প্রকাশ করার জন্য ও "নিপীড়িত মানবের মুক্তির মহানায়ক শেখ মুজিবুর রহমান" এবং "বাংলাদেশকে জানতে বঙ্গবন্ধু শেখ মুজিব কে জানো, বঙ্গবন্ধু শেখ মুজিব কে জানতে বাংলাদেশকে জানো" শ্লোগান দুইটির প্রস্তুতি ও নির্ধারিত জায়গায় লাগানোর যাবতীয় দায়িত্ব পালনের জন্য গঠিত উপকমিটিগুলো নিম্নরূপ:

১। মিনি পুস্তিকা প্রকাশ উপকমিটি:

ক) উপসচিব জনাব আশরাফুর রহমান, প্রকল্প ব্যবস্থাপক (ল্যান্ড একুইজিশন) লাইন-১ (ই/এস)- আহবায়ক

খ) উপসচিব জনাব শান্তিমণি চাকমা, উপ প্রকল্প পরিচালক (ল্যান্ড একুইজিশন) লাইন-৬ - সদস্য

গ) উপসচিব জনাব ফরিদা ইয়াসমিন, প্রকল্প ব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ), লাইন-১ (ই/এস)- সদস্য সচিব

২। শ্লোগান প্রস্তুত ও লাগানোর দায়িত্ব জনাব খান মো: মীজানুল ইসলাম কে দেয়া হল।

**আলোচ্য বিষয়: ২**

সদস্য সচিব সভায় উপস্থাপন করেন যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের নিজস্ব কর্মসূচী ও আওতাধীন দপ্তর সংস্থার কর্মসূচীর সাথে আরো কিছু কর্মসূচী যৌথভাবে পালনের জন্য ডিএমটিসিএলকে দায়িত্ব প্রদান করা হয়। কর্মসূচী গুলি হল-

১) ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গাবন্ধু স্মৃতি যাদুঘরে ১৭ মার্চ, ২০২০ তারিখে জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ সহ ডিএমটিসিএল প্রধান কার্যালয়ে আলোকসজ্জা, দোয়ামাহফিলের আয়োজন,

২) ২১/০৩/২০২০ তারিখ টুঙ্গিপাড়ায় বঙ্গাবন্ধুর মাজার জিয়ারত,

৩) নিজস্ব সময়ে বঙ্গাবন্ধুর জীবন ও কর্মের উপর সেমিনার/আলোচনা অনুষ্ঠান আয়োজন,

৪) সড়ক ও জনপথ অধিদপ্তর এর প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর-এ ১৮/৪/২০২০ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এর আওতাধীন দপ্তর সংস্থার উদ্যোগে কেন্দ্রীয় রক্তদান কর্মসূচী পালন,

৫) ১৫/১১/২০২০ তারিখে BRTA সম্মেলন কেন্দ্রে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থায় নিয়োজিত কর্মকর্তা কর্মচারীদের সন্তানদের নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর আত্মজীবনী ও কীর্তি বিষয়ক রচনা প্রতিযোগিতার আয়োজন করা।

উপরোক্ত কর্মসূচী গুলি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় অংশ নিয়ে সভাপতি বলেন যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের কর্মসূচীগুলো যেহেতু এখন কেন্দ্রীয় কর্মসূচীর অংশ, তাই যে সমস্ত কর্মসূচীতে ডিএমটিসিএলকে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত দেয়া হয়েছে সে সমস্ত কর্মসূচী পালন করতে হবে। তিনি বিশেষত: বলেন, যে সমস্ত কর্মসূচী যৌথ ভাবে অন্য সংস্থার সাথে অংশ নেয়ার বিষয়ে সিদ্ধান্ত আছে সেই গুলিতে যৌথভাবে এবং যেগুলি নিজেদের দ্বারা নিজস্ব পরিমন্ডলে বাস্তবায়ন করার সুযোগ আছে সে সমস্ত অনুষ্ঠান এবং আলোচনা ও দোয়া মাহফিল এর আয়োজন ডিএমটিসিএল এর হল রুমে করা যেতে পারে। উপস্থিত সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন। পরবর্তী সভাটি ডিএমটিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর সভাপতিত্বে আহবান করা যেতে পারে মর্মে সদস্যগণ আলোচনাক্রমে একমত পোষণ করেন।

**<u>সিদ্ধান্ত:</u>** ১। যে সমস্ত কর্মসূচী যৌথভাবে পালন করতে নির্দেশনা আছে সেগুলি যেমন

ক) ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ

খ) ২১/০৩/২০১৯ তারিখ টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর মাজার জিয়ারত

গ) ১৮/০৪/২০২০ তারিখ সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রশিক্ষণকেন্দ্র, মিরপুর, ঢাকাতে কেন্দ্রীয় রক্তদান কর্মসূচী

ঘ) ১৫/১১/২০২০ তারিখে BRTA সম্মেলন কেন্দ্রে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থায় নিয়োজিত কর্মকর্তা কর্মচারীদের সন্তানদের নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর আত্মজীবনী ও কীর্তি বিষয়ক রচনা প্রতিযোগিতার আয়োজন।

এসব কর্মসূচী গুলি যৌথভাবে আয়োজন করতে হবে।

২। আলোচনা ও দোয়া মাহফিল নিজস্ব দপ্তরে নিজস্ব সুবিধামত সময়ে আয়োজন করতে হবে।

৩। পরবর্তী সভা ডিএমটিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর সভাপতিত্বে আহবান করা হবে। এ বিষয়ে ডিএমটিসিএল এর ফোকাল পয়েন্ট ব্যবস্থা নিবেন।

আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

**(মো: আফতাবউদ্দিন তালুকদার)**
প্রকল্প পরিচালক
ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)
ও
আহবায়ক
জাতির পিতা বঙ্গবন্ধু মুজিবুর রহমান এঁর জন্মশত বার্ষিকী উদযাপন এ
কেন্দ্রীয় কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে ডিএমটিসিএল প্রণীত কমিটি
ফোন: ০২-৫৫১৩৮৬৭২
ই-মেইল: pdmrt6@dmtcl.gov.bd